

## আক্ষেপ

-সাধন সরকার

কিসের স্বাধীন করিস রে তুই অধীর ?  
গাঁজাই যদি না পাওয়া যায় দেশে  
বুড়ো হয়ে আয়েশ না পাই যদি  
মরেই যাবো শুধুই কেশে কেশে ।।

কিসের বাণী ঝাড়িস রে তুই অধীর ?  
কাগজই যদি না মিলিল দেশে  
এই বয়সে খবর না পাই যদি  
মানুষ আছি পশু হবো শেষে ?

কিসের টাকা আনতে বিদেশ যাস ?  
গরীব যদি না থাকিবে দেশে  
বয়স গেছে পূণ্য না হয় যদি  
স্বর্গে যাওয়ার আশা যাবে ভেসে ।

কিসের রে কল গড়তে গেলি অধীর ?  
কাপড়ই যদি না থাকিল দেশে  
শেষ বয়সে ন্যাংটা থাকি যদি  
তাবত লোকে সাবাশ দেবে হেসে ।

---\*\*---